

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৮ ১

আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

**রাজ্যভিত্তিক ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ষ্ঠী উদযাপন
ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন বাংলার নবজাগরণের এক প্রধান ব্যক্তিত্ব : মেয়র**

পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন বাংলার নবজাগরণের এক প্রধান ব্যক্তিত্ব। তাঁর কর্মধারা আমাদের দেশের নারী শিক্ষা ও বিভিন্ন সামাজিক সংস্কারে বিশেষ ভূমিকা পালন করেছে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২ নং হলে পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রাজ্যভিত্তিক জন্মজয়ষ্ঠী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে আগরতলা পুরনিগমের মেয়র তথ্য বিধায়ক দীপক মজুমদার একথা বলেন। বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মেয়র ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবন দর্শন নিয়ে আলোচনা করতে গিয়ে বলেন, নানা রকম সামাজিক কুসংস্কার ও কুপ্রথার বিরুদ্ধে পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর রাখে দাঁড়িয়েছিলেন। নারী শিক্ষার প্রসারে তার অবদান ছিল অপরিসীম। অনুষ্ঠানে পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবন ও কর্মধারা নিয়ে বক্তব্য রাখেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, ইগনোর আগরতলার আঞ্চলিক পরিচালক ড. অরবিন্দ মাহাতো এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিস্মিসার ভট্টাচার্য। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমগ্র শিক্ষা অধিকর্তা এন সি শর্মা। অনুষ্ঠানে মেয়র দীপক মজুমদার সহ অতিথিগণ পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শুদ্ধা জ্ঞাপন করেন।

এদিকে, আজ সকালে অরুণ্ধতীনগর ড্রপগেটে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ষ্ঠী উদযাপন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতিপাতি বলাই গোস্বামী, আগরতলা পুরনিগমের কর্পোরেট স্বপ্না সরকার, কর্পোরেট অলক রায়, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিস্মিসার ভট্টাচার্য। অনুষ্ঠানে অতিথিগণ পদ্ধিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শুদ্ধা জ্ঞাপন করেন।
